

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ : ০৬ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩৭৬-আইন/২০২২।—সামুদ্রিক মৎস্য (Marine Fisheries) আইন, ২০২০ (২০২০ সনের ১৯ নং আইন) এর ধারা ৩২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (Authorised Officer) হিসাবে ঘোষণা করিল, যথা:—

- (ক) পরিদর্শক পদমর্যাদার নিম্নে নহেন মৎস্য অধিদপ্তরের এইরূপ কর্মকর্তা;
- (খ) পেটি অফিসার পদমর্যাদার নিম্নে নহেন বাংলাদেশ নৌবাহিনীর এইরূপ সদস্য;
- (গ) পেটি অফিসার পদমর্যাদার নিম্নে নহেন বাংলাদেশ কোস্টগার্ডের এইরূপ সদস্য; এবং
- (ঘ) যে কোনো শুল্ক কর্মকর্তা।

২। ৩ সেপ্টেম্বর, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং ৩০৯-আইন/২০১২ এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুনাল কান্তি দে
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৯৭৮৫)

মূল্য : টাকা ৪.০০